


সৌর বিদ্যুতের ব্যবহার বাড়াতে বললেন মুখ্যমন্ত্রী

বিমল বন্দ্যোপাধ্যায় • ফলতা

বিশ্ব উষ্ণায়নের প্রকোপ ঠেকাতে সৌর বিদ্যুতের ব্যবহার আরও বাড়াতে হবে বলে জানানলেন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য। বুধবার ফলতার বিশেষ অর্থনৈতিক অঞ্চলের ফেজ-২'এ বিক্রম সোলার প্রাইভেট লিমিটেড নামে সৌর বিদ্যুৎ সরঞ্জাম তৈরির একটি কারখানার উদ্বোধনী অনুষ্ঠানে ওই কথা বলেন মুখ্যমন্ত্রী। বুদ্ধদেববাবু বলেন, তাপবিদ্যুতের ব্যবহার যেভাবে বাড়ছে, তা অভ্যন্তরীণ বিপজ্জনক। তাপবিদ্যুতের ব্যবহার যত বাড়বে, তত বাড়বে বাতাসে কার্বনের পরিমাণ। বিয়িত হবে পরিবেশ।

মুখ্যমন্ত্রী বলেন, আমাদের মোট বিদ্যুৎ উৎপাদনের ৯৫ ভাগই তাপবিদ্যুৎ। কোপেনহেগেন সম্মেলনের সিদ্ধান্ত অনুযায়ী কেন্দ্রীয় সরকার ঠিক করেছে, এর ব্যবহার ২০ শতাংশ কমাতে হবে। তাই সৌর বিদ্যুতের শক্তির ব্যবহার বাড়াতে হবে। কেন্দ্রীয় সরকারের সাহায্যে ইতিমধ্যেই আসানসোলে সৌর বিদ্যুতের একটি বড় প্রকল্প গড়ে তোলা হচ্ছে। পাশাপাশি জল বিদ্যুতের ব্যবহারও বাড়াতে হবে। গোসাবা দুর্গাদোয়ানি নদীতে একরমই একটি জলবিদ্যুৎ প্রকল্প গড়ে তোলা হচ্ছে।

ফলতার এই কারখানার কর্মীদের আমেরিকায় নিয়ে গিয়ে সৌর বিদ্যুৎ সম্পর্কিত বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করেছে কর্তৃপক্ষ। বক্তৃতায় সেই প্রসঙ্গটি উল্লেখ করে কর্তৃপক্ষের প্রশংসা করেন মুখ্যমন্ত্রী। অনুষ্ঠানে রাজ্যের তথ্য ও প্রযুক্তি দপ্তরের মন্ত্রী দেবেশ দাস, গ্রিন এনার্জি ডেভেলপমেন্ট কর্পোরেশনের অধিকর্তা শান্তিপদ গণ চৌধুরি এবং নতুন এই কারখানার কর্মকর্তারা উপস্থিত ছিলেন।



ফলতায় সৌরবিদ্যুৎ সরঞ্জাম প্রস্তুতকারক সংস্থার কারখানার উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী। ছবি: অতুল বন্দ্যোপাধ্যায়